

**বাকুবির শিক্ষক সমিতির নির্বাচন
সভাপতিসহ সোনালী দল
৭টি ও সম্পাদকসহ ৪টি
পদে ফোরাম বিজয়ী**

বাকুবির সর্বোদ্যোগে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ২০০৯ সালের শিক্ষক সমিতির নির্বাচনে ১১টি পদের মধ্যে বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষক সংগঠন সোনালী দল সভাপতিসহ ৭টি পদ এবং আওয়ামী ও বামপন্থী শিক্ষকদের গণতান্ত্রিক শিক্ষক ফোরাম সাধারণ সম্পাদকসহ ৪টি পদে জয়ী হয়েছেন। গত পদবিহারে এ নিবার্চন অনুষ্ঠিত হয়েছে।

বিশ্ববিদ্যালয় ভাষে অনুষ্ঠিত এ নির্বাচনে মোট ৪৭৫টি ভোটেতে মধ্যে ৩২৯ জন শিক্ষক ভোটাধিকার প্রয়োগ করেন। নির্বাচন পরিচালনা করেন বিদ্যাভি সভাপতি প্রফেসর ড. মোঃ নূরুল হক। নির্বাচনে সভাপতি পদে বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষকদের সমন্বিত 'সোনালী দল' ও আনন্দ শিক্ষক পরিষদ' গ্যানেলের প্রফেসর ড. মোঃ বাহাদুর সিদ্দিকী আওয়ামী ও বামপন্থী শিক্ষকদের 'গণতান্ত্রিক' শিক্ষক ফোরাম' গ্যানেলের প্রফেসর ড. মোঃ মুনতাসর উদ্দিন কুজুমকে ২৫ ভোটে পরাজিত করেন। ড. বাহাদুর ভোটাভেদে ১৭৪টি। সাধারণ সম্পাদক পদে 'গণতান্ত্রিক শিক্ষক ফোরাম'-এর প্রফেসর ড. এম এ এম ইমতিয়াজ বখতার ১০ ভোটে সোনালী দলের প্রফেসর ড. মোঃ আকতারুজ্জামানকে পরাজিত করেন। ড. বখতার ভোটাভেদে ১০২টি। এছাড়া সভাপতি পদে জয়ী হয়েছেন সোনালী দলের প্রফেসর ড. বখতার পরীশুস ইসলাম (১৭১), কোষাধ্যক্ষ পদে জয়ী হয়েছেন সোনালী দলের প্রফেসর ড. মোঃ মকবুল হোসেন (১৯১), কৃষি সম্পাদক পদে জয়ী হয়েছেন গণতান্ত্রিক শিক্ষক ফোরামের ড. হাশিমুর রশীদ (১৬১)। এছাড়া ছয়টি সদস্য পদের মধ্যে ৪টি পেয়েছে সোনালী দল ও ২টি সদস্য পদে জয়ী হয়েছেন গণতান্ত্রিক শিক্ষক ফোরাম। সোনালী দল থেকে সদস্য পদে নির্বাচিত হয়েছেন: প্রফেসর ড. মোঃ আবদুল কুদ্দুস (১৬৮), প্রফেসর ড. মোঃ দামদুল ইসলাম (১৯২), প্রফেসর ড. মোঃ আলিমুল ইসলাম (১৭৩) ও প্রফেসর ড. মোঃ মোখলেছুর রহমান (১৮১) এবং গণতান্ত্রিক শিক্ষক ফোরাম থেকে সদস্য পদে নির্বাচিত হয়েছেন প্রফেসর ড. এমদাদুল হক চৌধুরী (১৭১) ও মোঃ মহিউর রহমান (১৭৪)।